FAQ-FROM UNDERWRITING & POLICY SERVICING DEPARTMENT

১) সহযোগী বীমা হিসেবে CIএবং HI গ্রহনের নিয়মাবলী কি ?

উত্তর: শিক্ষিত এবং আয়ের উৎস আছে এমন প্রস্তাবকের ক্ষেত্রে সহযোগী বীমা হিসেবে CI এবং HI গ্রহন করা যায়।

২)পেশাগত ঝুঁকির জন্য প্রদেয় অতিরিক্ত প্রিমিয়াম (Occupation ExtraPremium) বলতে কি বোঝায় ?

উত্তর: ঝুঁকিপূর্ণ পেশার ক্ষেত্রে (Occupation Extra) যে বাড়তি প্রিমিয়াম আরোপ করে বীমা গ্রাহকের প্রস্তাব পত্র গ্রহণ করা হয় তাকে পেশাগত ঝুঁকির জন্য প্রদেয় অতিরিক্ত প্রিমিয়াম বলে।

৩)বিদেশে অবস্থানরত/কর্মরত বাংলাদেশীর ক্ষেত্রে বীমা প্রস্তাবপত্রের সাথে অতিরিক্তভাবে কি কি প্রদান করতে হয় ?

উত্তর: বিদেশে অবস্থানরত/কর্মরত বাংলাদেশীর ক্ষেত্রে বীমা প্রস্তাবপত্র বিবেচনায় প্রবাসে তার নিজ ঠিকানা, নিয়োগদানকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও পাসপোর্টের ১ম তিন পাতার সাথে দেশে আগমনের সিলযুক্ত পাতার কপি গ্রহন করা হয়।

৪)শিশু সুরক্ষা বীমার ক্ষেত্রে বীমা গ্রহীতার কি কি যোগ্যতা থাকতে হবে ?

উত্তর: শিশু সুরক্ষা বীমার ক্ষেত্রে বীমা গ্রহীতাকে অবশ্যইএসএসসি/সমমান পরীক্ষা পাশ হতে হবে এবং স্বোপার্জিত আয় থাকতে হবে।

৫)শিশু সুরক্ষা বীমার ক্ষেত্রে বীমা গ্রহীতাকে কি কি দলিল পত্রাদি দাখিল করতে হবে ?

উত্তর: শিশু সুরক্ষা বীমার ক্ষেত্রে অবশ্যই প্রস্তাবকের এবং শিশু উভয়ের (শিশু ও প্রিমিয়ামদাতা) বয়স প্রমাণ দাখিল করতে হবে। শিশুর ক্ষেত্রে বয়স প্রমাণ হিসাবে টিকাকার্ডের ফটোকপি/জন্ম তারিখের প্রমাণপত্র/স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত জন্ম তারিখের প্রমানপত্র এগুলোর যেকোন একটি গ্রহনযোগ্য বলে বিবেচিত। প্রস্তাবকারীকে অবশ্যই তার আয়ের উৎসের উপযুক্ত প্রমান স্বরুপ নিয়োগদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নিয়োগের সনদ ও বেতন হিসাবের বিবরনী,ব্যবসায়ীর ক্ষেত্রে ট্রেড লাইসেন্স এবং জাতীয় পরিচয়পত্র অথবা এস.এস.সি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র দাখিল করতে হবে।

৬) সহযোগী বীমা (ঘঁসনবৎ ড়ভ জরফবৎ ইবহবভরঃ)কয়টি ও এর সুবিধা গুলো কিকি ?

উত্তর:

(১) দূর্ঘটনা জনিত মৃত্যু বীমা**DIAB(DOUBLE INDEMNITY AND ACCIDENTAL BENEFIT)**: দূর্ঘটনা জনিত কারনে আঘাত প্রাপ্তির ৯০ দিনের মধ্যে মৃত্যু হলে দ্বিগুন বীমা অংক পরিশোধ করা হয়।এই সহযোগী বীমার প্রিমিয়ামের হার বীমাবৃত্তের শ্রেনী অনুযায়ী প্রতি হাজারে প্রথম শ্রেনীর জন্য ১.২৫,দ্বিতীয় শ্রেনীর জন্য ২.০০, তৃতীয় শ্রেনীর জন্য ২.৫০ এবং চতুর্থ শ্রেনীর জন্য ৩.০০ টাকা।

(২)　　স্থায়ী অক্ষমতা ও দূর্ঘটনা জনিত **মৃত্যু বীমা PDAB(PERMANENT DISABILITY AND ACCIDENTAL BENEFIT)**: দূর্ঘটনা জনিত কারনে আঘাত প্রাপ্তির ৯০ দিনের মধ্যে মৃত্যু হলে দ্বিগুন বীমা অংক পরিশোধ করা হয় ।এই সহযোগী বীমার প্রিমিয়ামের হার বীমাবৃতের শ্রেনী অনুযায়ী প্রতি হাজারে প্রথম শ্রেনীর জন্য ৩.৫০,দ্বিতীয় শ্রেনীর জন্য ৪.৫০, তৃতীয় শ্রেনীর জন্য ৫.৫০ ।দূর্ঘটনা জনিত কারনে আঘাত প্রাপ্তির ৯০ দিনের মধ্যে ক্ষতি সংঘটিত হলে নিম্নোক্ত তালিকা অনুযায়ী ক্ষতি পূরন দেয়া হবে:

ক) দুটি চোখের দৃষ্টি শক্তি সম্পূর্ন রুপে নষ্ট হলে :বীমা অংকের সমপরিমান অর্থ প্রদেয় হবে ।ভবিষ্যতের প্রদেয় সকল প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং মেয়াদান্তে মূল বীমা অংক প্রদেয় হবে।

খ) দুই হাত বা দুই পা কাটা গেলে বা কর্মঅক্ষম হয়ে পড়লে: বীমা অংকের সমপরিমান অর্থ প্রদেয় হবে। ভবিষ্যতের প্রদেয় সকল প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং মেয়াদান্তে মূল বীমা অংক প্রদেয় হবে।

গ) এক হাতের কব্জির উপরে এবং এক পা এর গোড়ালীর উপরে কাটা গেলে বা কর্মঅক্ষম হয়ে পড়লে: বীমা অংকের সমপরিমান অর্থ প্রদেয় হবে। ভবিষ্যতের প্রদেয় সকল প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং মেয়াদান্তে মূল বীমা অংক প্রদেয় হবে।

ঘ) এক হাতের কজি বা এক পা এর গোড়ালী অথবা এক হাতের কব্জির উপরে এবং এক পা এর গোড়ালীর উপরে কাটা গেলে এবং একই সাথে এক চোখের দৃষ্টি শক্তি সম্পূর্ন রুপে হারালে: বীমা অংকের সমপরিমান অর্থ প্রদেয় হবে। ভবিষ্যতের প্রদেয় সকল প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং মেয়াদান্তে মূল বীমা অংক প্রদেয় হবে।

ঙ) এক হাতের কজি বা এক পা এর গোড়ালী অথবা এক হাতের কব্জির উপরে বা এক পা এর গোড়ালীর উপরে কাটা গেলে বা এক চোখের দৃষ্টি শক্তি সম্পূর্ন রুপে হারালে: বীমা অংকের সমপরিমান অর্থের অর্ধেক প্রদেয় হবে। ভবিষ্যতের প্রদেয় সকল প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং মেয়াদান্তে মূল বীমা অংক প্রদেয় হবে।

চ) পেশাগত কাজে যোগদানে বা মনোসংযোগে অক্ষম হয়ে পড়লে: মূল বীমা অংকের এক দশমাংশ এন্যুইটি হিসেবে ১০ বছর পর্যন্ত প্রদেয় হবে এবং ভবিষ্যতের প্রদেয় সকল প্রিমিয়াম মওকুফ হয়ে যাবে এবং মেয়াদান্তে মূল বীমা অংক প্রদেয় হবে।

(৩) মারাত্মক প্রানঘাতী ব্যাধি CI(CRITICAL ILLNESS):এই সহযোগী বীমার মাধ্যমে নির্দিষ্ট ১৮ টি মারাত্মক প্রানঘাতী ব্যাধির চিকিৎসা ব্যায় নির্বাহের সুবিধা প্রদান করা হয়। এক্ষেত্রে রোগনির্নীত হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে দাবী উত্থাপন করতে হয়। **CI Coverage এর অধীনে** মূল বীমা অংকের ৫০% এবং সর্বোচ্চ ৫,০০,০০০ টাকা পর্যন্ত প্রদেয় হয়ে থাকে। এই বীমার অধীনে কেবল একবার বীমা দাবী প্রদান করা হয়ে থাকে। বীমা গ্রহনের সময় হতে ১৮০ দিনের মধ্যে নির্দিষ্ট ১৮ টি মারাত্মক প্রানঘাতী ব্যাধির কোন একটির জন্য চিকিৎসা ব্যায় প্রদানের দাবী উত্থাপিত হলে তা গ্রহন করা হয় না।

(৪)স্বাস্থ্য বীমাHI(HEALTH INSURANCE) : স্বাস্থ্য বীমার অধীনে সুনির্দিষ্ট কিছু রোগ ব্যতিরেকে অন্যান্য রোগের চিকিৎসা ব্যায় নির্বাহের সুবিধা প্রদান করা হয়। এক্ষেত্রে বীমা গ্রহনের সময় বীমাবৃতের বয়স ১৮ হতে ৫৫ এবং বীমাবৃত শিশুর বয়স ৬ হতে ২৪ বছর হতে হবে। মেয়াদ পুর্তিতে বীমাবৃতের বয়স ৬৫ এবং বীমাবৃত শিশুর বয়স ২৫ এর বেশী হবে না। পরিকল্পের মেয়াদ মূল বীমার মেয়াদের সমান। এই পরিকল্পের অধীনে বীমা গ্রহীতা নিজের/ স্বামী ও স্ত্রী /স্বামী -স্ত্রী ও সন্তান এর জন্য বীমার সুবিধা গ্রহন করতে পারেন। স্বামী ও স্ত্রী /স্বামী -স্ত্রী ও সন্তান এর জন্য বীমার সুবিধা গ্রহন করলে এক্ষেত্রে মোট স্বাস্থ্য বীমা প্রিমিয়ামের উপর যথাক্রমে ৫% ও ১০% বাট্টা পাওয়া যায় যা শুধু মাত্র নিজের জন্য গৃহীত বীমার ক্ষেত্রে পাওয়া যায়না। প্রস্তাবিত বীমা অংক মূল বীমা অংকের সমপরিমান বা বেশী হবেনা। প্রস্তাবিত বীমা অংক সর্বোচ্চ ৫,০০,০০০ টাকা পর্যন্ত হয়ে থাকে ।স্বাস্থ্য বীমার অধীনে ওপিডি, আইপিডি এবং বিদেশে চিকিৎসা গ্রহনের ব্যায় প্রদান করা হয়। বীমা গ্রহনের সময় হতে ৩০ দিনের মধ্যে দূর্ঘটনা জনিত আঘাত ছাড়া চিকিৎসা ব্যায় বাবদ কোন দাবী উত্থাপন করা যায়না। এছাড়া সুনির্দিষ্ট কিছু রোগের এবং মাতৃত্ব জনিত চিকিৎসা ব্যায়ের ক্ষেত্রে বীমা গ্রহনের ২ বছর অতিক্রান্ত না হলে কোন দাবী উত্থাপন করা যায়না। বীমা অংকের পরিমান অনুযায়ী স্বাস্থ্য বীমার ৭ টি অপশন রয়েছে।

স্বাস্থ্য বীমার অধীনে যদি প্রথম ৩ বছর কোন দাবী উত্থাপিত না হয় তবে পরবর্তী বছরের নবায়ন প্রিমিয়ামের উপর নির্ধারিত হারে রেয়াত পাওয়া যায়:

দাবীহীন সময়কাল	রেয়াতের হার
প্রথম বছর	১০%
অবিরাম দুই বছর	১৫%
পরবর্তী তৃতীয় বছর বা ততোধিক	২০%

HI প্রিমিয়াম বীমাবৃতের বয়স ও গ্রহনকৃত স্বাস্থ্য বীমার বীমা অংকের পরিমান অনুযায়ী নির্দিষ্ট হয়ে থাকে।

৭) বীমা গ্রাহকের পেশা-ভিত্তিক শ্রেনী বিভাগ কয়টি ও তা কিসের ভিত্তিতে করা হয় ?

উত্তর:

প্রথম শ্রেনী: ঝুঁকি বিহীন জীবন- সরকারী/ আধা-সরকারী, স্বায়ত্বশাসিত, ব্যাংক, বীমা, বানিজ্যিক প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী, ব্যবসায়ী, পর্যটক, কারখানা মালিক, প্রকৌশলীগণ ও অন্যান্য পেশাজীবী যাদেও পেশা বিপদ সংকুল নয়।

দ্বিতীয় শ্রেনী: ঝুঁকি বহুল পেশা-ইমারত/গৃহনির্মানের তত্ত্বাবধায়ক, শ্রমিক, ঠিকাদার, বৈদ্যুতিক শিল্পে সরাসরি নিয়োজিত সুপারভাইজার, নৌবাহিনী ও জাহাজে নিয়োজিত অফিসার, পেশাদার হালকা গাড়ী চালক এবং এমন সব ব্যবসা ও পেশায় নিয়োজিত যেখানে দূর্ঘটনা ঘটার যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

তৃতীয় শ্রেনী: ঝুঁকি বিহীন পেশা কায়িক শ্রম- কামার, কুমার, কসাই, কাঠমিস্ত্রী, রাজমিস্ত্রী, জেলে, পেশাদার ভারী গাড়ীচালক,মুরগী ব্যবসায়ী,কলকারখানায় নিয়োজিত শ্রমিক/কর্মী,ইলেকট্রিশিয়ান,ডুবুরী, বন-জঙ্গলে নিয়োজিত অফিসার ও কর্মচারী, নৌবাহিনী ও অন্যান্য সমুদ্রগামী জাহাজে নিয়োজিত কর্মী এবং যারা এমনসব ব্যবসায় ও পেশায় নিয়োজিত যেখানে পেশাগত অত্যাধিক দূর্ঘটনার সম্ভাবনা রয়েছে।

চতুর্থশ্রেনী:অতিরিক্ত ঝুঁকিবহুল পেশা গৃহনির্মানের কাজে অদক্ষ শ্রমিক, উঁচু জায়গায় কাজ করে এমন ব্যাক্তি বা শ্রমিক, তদারকীতে নিযুক্ত ঠিকাদারগণ এবং যারা এমনসব পেশায় নিয়োজিত যেখানে পেশাগত অত্যাধিক দূর্ঘটনার সম্ভাবন রয়েছে।

৮) অনুগ্রহ কাল(এৎধপব চবৎরড়ফ) বলতে কি বোঝায় ?

উত্তর: প্রথম প্রিমিয়াম পরিশোধের পর পরবর্তী প্রতিটি প্রিমিয়াম নির্ধারিত তারিখ থেকে এক মাস (৩০ দিন) অনুগ্রহ কালের মধ্যে পরিশোধ করা যাবে কোনরুপ বিলম্ব ফি ছাড়া।এই অনুগ্রহকালে পলিসি চালু থাকবে। অনুগ্রহকালের মধ্যে বীমাবৃতের মৃত্যু হলে প্রদেয় বীমা অংক হতে কোম্পানীর পাওনা (যদি থাকে) সহ বকেয়া প্রিমিয়াম কেটে রাখা হয়।

অনুগ্রহকালের মধ্যে প্রিমিয়াম জমাদেয়া না হলে পলিসিটি "বিচ্যুত" হয়েছে বলে ধরা হবে।দুটি অবিরাম পূর্ন বার্ষিক প্রিমিয়াম প্রদানের পূর্বে অনুরুপ বিচ্যুতি ঘটলে সংশ্লিষ্ট তারিখ হতে পলিসিটি অচল ও তামাদি হয়ে যাবে এবং এযাবত কালের মধ্যে জমাকৃত সকল প্রিমিয়াম কোম্পানী কর্তৃক বাজেয়াপ্ত হবে।

৯) বিধিনিষেধ মুক্তি ও অখন্ডনীয়তা (Travel, Resodemce, Occupation &Incontestability)বলতে কি বোঝায় ?

উত্তর: বীমা আইনের বিধান সিডিউলভুক্ত বিশেষ প্রতিবিধান এবং কোম্পানী কর্তৃক সম্পাদিত এবং ভবিষ্যতে সম্পাদিত হবে এমন প্রতিটি বিষয় পৃষ্ঠাংকনের শর্তাবলী সাপেক্ষে বিদেশে ভ্রমন, বসবাস বা উপজীবিকা সম্পর্কিত সকল বিধিনিষেধ থেকে এই পলিসি মুক্ত থাকবে।ঝুঁকি গ্রহনের অথবা তামাদি পলিসি পুনর্বহালের তারিখ হতে ২ বছর অতিক্রান্ত হওয়ার পর পলিসির অধীন সকল বিধিবিধান ও প্রদত্ত সুবিধাদি অখন্ডনীয়ত বলে বিবেচিত হবে যদি না এতে চুক্তিভুক্ত কোন পক্ষ দ্বারা অপর পক্ষের নিকট কোন গুরুত্বপূর্ন তথ্যগোপন বা প্রকাশ না করা হয় অথবা কোন প্রতারনামূলক ঘটনার সম্পৃক্ততা থাকে।

১০) নগদ সমর্পনমূল্য(Surrender Value) কি ?

উত্তর: দুটি অবিরাম পূর্নবার্ষিক প্রিমিয়াম প্রদান করার পর একটি পলিসি এর নগদ সমর্পন মূল্য অর্জন করবে।পলিসিতে অন্যকিছু বলা না থাকলে বীমা বৃতের লিখিত অনুরোধে এরূপ অর্জিত নগদ সমর্পন মুল্য প্রত্যার্পন করা হয়।

১১) তামাদি পলিসি পূনর্বহালের (Rules of Lapse Policy Revive)নিয়মাবলী কি ?

উত্তর:তামাদি পলিসি পূনর্বহাল :তামাদি পলিসি পূনর্বহালের ২টি পদ্ধতি রয়েছে:

(১) সাধারন পূর্নবহাল (Ordinary Revival)

(২) বিশেষ পূর্নবহাল (Special Revival)

তামাদি পলিসি এর নির্ধারিত মেয়াদকালেন মধ্যে কেবল একবারই পূনর্বহাল করা যায়।

সাধারন পূর্নবহাল (Ordinary Revival):পলিসি তামাদি হওয়ার ৯০ দিনের মধ্যে পলিসি চালু করা হলে মেডিক্যাল বা নন-মেডিক্যাল স্কীম পলিসির বীমাবৃত ব্যাক্তিকে কেবল পলিসির বকেয়া প্রিমিয়াম পরিশোধ করতে হবে। এক্ষেত্রে কোনরুপ বিলম্ব ফি প্রদান করতে হবেনা।কিন্তু ৯০ দিন অতিক্রান্ত হওয়ার পর তামাদি পলিসি চালু করতে হলে বয়স ও বীমা অংক অনুযায়ী নন-মেডিক্যাল স্কীম পলিসির বীমাবৃত ব্যাক্তিকে শুধুমাত্র সু-স্বাস্থ্যের প্রমান সরুপ অবিরাম ভালো স্বাস্থ্যের ঘোষনা ও বকেয়া প্রিমিয়াম পরিশোধ করতে হবে এবং মেডিক্যাল স্কীম পলিসির বীমাবৃত ব্যাক্তিকে নির্ধারিত অবলিখন চাহিদাদী ও সন্তোষজনক দলিল-প্রমান দাখিল সাপেক্ষে বকেয়া প্রিমিয়াম পরিশোধ করে পলিসি পনর্বহাল করতে হবে।

- তামাদি পলিসি /পরিশোধিত মুল্য অর্জন করেছে এমন পলিসি প্রিমিয়াম বকেয়া হয়েছে সেই তারিখ হতে ৬ মাসের মধ্যে পুনর্বহাল করা হলে কোনরুপ বিলম্ব ফি প্রদান করতে হবেনা।

- তামাদি পলিসি /পরিশোধিত মুল্য অর্জন করেছে এমন পলিসি প্রিমিয়াম বকেয়া হয়েছে এমন তারিখ হতে ৬ মাসের পর পুনর্বহাল করা হলে পলিসি প্রিমিয়াম বকেয়া হয়েছে সেই তারিখ হতে চলতি কিস্তি পর্যন্ত বিলম্ব ফি প্রদান করতে হবে।

- তামাদি পলিসি /পরিশোধিত মুল্য অর্জন করেছে এমন পলিসি ৩ হতে ৫ বছর এর মধ্যে পুনর্বহাল করতে হলে বীমা গ্রহীতাকে স্বহস্তে লিখা আবেদনপত্র দাখিল করতে হবে সর্বশেষ প্রদত্ত প্রিমিয়ামের রশিদের গ্রাহক কপি সহকারে। এক্ষেত্রে কোন অবলিখন চাহিদাদী দাখিলের প্রয়োজন হলে তার ব্যায় সম্পূর্নভাবে বীমা গ্রহীতাকে বহন করতে হবে।

বিশেষ পূর্নবহাল (Special Revival):কোন পলিসি তামাদি হওয়ার পর পূনর্বহালের জন্য যদি বীমা গ্রাহক পূর্বোক্তি সকল বকেয়া প্রিমিয়াম পরিশোধ করতে অপারগ হন তবে সম্পুর্ন নিজ খরচে প্রয়োজনীয় অবলিখন চাহিদাদী দাখিল সাপেক্ষে একটি মাত্র বকেয়া প্রিমিয়াম পরিশোধ করে সংশ্লিষ্ট পলিসির ঝুঁকি গ্রহন ও মেয়াদপুর্তির তারিখ এগিয়ে নিয়ে পলিসিটি পূনর্বহাল করা যায় একে বলা হয় বিশেষ পূনর্বহাল।এক্ষেত্রে নিম্নোক্ত শর্ত প্রযোজ্য:

- তামাদি পলিসি ৫ বছরের মধ্যে পূনর্বহাল করতে হবে।
- নতুন ঝুঁকি গ্রহনের তারিখে বীমাগ্রহীতার বয়স অনুযায়ী প্রিমিয়াম ধার্য করতে হবে।
- বিশেষ পুনর্বহাল বাবদ ৫০ টাকা ফি প্রদেয় হবে।
- বীমাগ্রহীতাকে প্রদত্ত পলিসির দলিল জমা দিতে হবে।
- মহিলা বীমাগ্রহীতা গর্ভবস্থায় পলিসি পূনর্বহাল করতে পারবেন না। এমন অবস্থায় সন্তান স্বাভাবিক প্রসাবের ক্ষেত্রে সন্তান প্রসবের দিন থেকে পরবর্তী নব্বই দিনের মধ্যে পলিসি পূনর্বহাল করা হয়না।

- অস্বাভাবিক প্রসব বা সিজারিয়ান অপারেশনের মাধ্যমে সন্তান প্রসব হলে পরবর্তী ছয় মাসের মধ্যে প্রস্তাবপত্র বিবেচনা করা হয়না।ছয় মাস অতিক্রম হওয়ার পর শারিরীক সুস্থ্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে পলিসি পূনর্বহাল করার বিষয়টি বিবেচনা করা হয়।

১২) পলিসি বাজেয়াপ্ত না করা সম্পর্কিত বিকল্প নিয়মাবলী (Non-Forfeiture Options) বলতে কি বোঝায়?

উত্তর:বাজেয়াপ্ত না করা সম্পর্কিত বিকল্প নিয়মাবলী: নগদ সমর্পন মূল্য অর্জনের পর অনুগ্রহকালের মধ্যে প্রিমিয়াম পরিশোধ করা না হলেও পলিসিটি একেবারে বাতিল হবেনা।এক্ষেত্রে বীমা গ্রাহক নিম্নে ব্যাখ্যাকৃত বিকল্পগুলোর কোন একটির সুবিধা গ্রহরের জন্য প্রস্তাবপত্রের মধ্যে উল্ল্যেখ করতে পারে বা পরবর্তীতে লিখিত ভাবে আবেদন করতে পারে বা পূর্বে গ্রহনকৃত বিকল্প পরিবর্তনের জন্য। বীমা গ্রাহক যদি পলিসিটি বিচ্যুত হওয়ার পূর্বে প্রস্তাবপত্রে বা পরবর্তীতে লিখিত ভাবে বিকল্প গ্রহনের জন্য আবেদন না করে থাকে তবে বিকল্প ”গ” সয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হবে।

বিকল্প ”ক”(**Option –A**): প্রিমিয়াম দেয় তারিখ হতে পলিসির উপর অর্জিত সমর্পন মুল্য নিঃশ্বেষ না হওয়া সাপেক্ষে অনধিক এক বছরের জন্য উক্ত সমর্পন মূল্য হতে পলিসি চালু রাখা। উক্ত সময়ের পর পলিসিটির সয়ংক্রিয়ভাবে হ্রাসকৃত অংকের পরিশোধিত বীমায় রুপান্তরিত হবে।পলিসি বাবদ কোম্পানীর কোন রূপ পাওনা থাকলে তা কর্তন করে হ্রাসকৃত বীমা অংক নির্ধারন করা হয়।

বিকল্প ”খ”(**Option –B**): পলিসিতে অর্জিত সমর্পনমূল্য নিঃশেষ না হওয়া পর্যন্ত তা হতে ঋণ নিয়ে পলিসি চালু রাখা হয়।সমর্পন মূল্য নিঃশেষ হয়ে গেলে পলিসিটি বাতিল হয়ে যাবে।পলিসি বাতিল হওযার পূর্বে যে কোন সময় বীমা গ্রহীতা বকেয়া প্রিমিয়াম ও সার্ভিস চার্জ পরিশোধ করে পলিসিটি ঋণমুক্ত করতে পারবেন। যে কোন বীমাদাবী পলিশোধের সময় কোম্পানীর কোন রূপ পাওনা থাকলে তা কর্তন করে রাখা হয়।

বিকল্প”গ”(**Option –C**): এ অবস্থায় পলিসিটি স্বয়ংক্রিয়ভাবে একটি হ্রাসকৃত বীমায় রুপান্তরিত হবে এবং কোম্পানীর কোন পাওনা থাকলে তা কর্তন করে হ্রাসকৃত বীমা অংক নির্ধারন করা হয়। পলিসির মেয়াদপুর্তির পূর্বে বীমা গ্রহীতার মৃত্যুতে বা মেয়াদপুর্তিতে এই হ্রাসকৃত বীমা অংক পরিশোধ করা হয়।

১৩) পরিশোধিত মূল্য (Paid-up Value) বলতে কি বোঝায় ?

উত্তর:পরিশোধিত মূল্য:কমপক্ষে অবিরাম ২ বছর প্রিমিয়াম প্রদানের পর প্রিমিয়াম প্রদান বন্ধ হয়ে গেলে বীমাটি হ্রাসকৃত /পরিশোধিত বীমায় রুপান্তরিত হয়। এক্ষেত্রে আর কোন প্রিমিয়াম প্রদানের বাধ্যবাধকতা থাকেনা। বীমাগ্রহীতার মৃত্যুতে অথবা মেয়াদপূর্তিতে অর্জিত মুনাফাসহ হ্রাসকৃত বীমামূল্য প্রদান করা হয়।

পরিশোধিত মূল্য = (মুল বীমা অংক X মোট পরিশোধিত প্রিমিয়ামের কিস্তির সংখ্যা)/মোট পরিশোধযোগ্য প্রিমিয়ামের কিস্তির সংখ্যা।

১৪) বিকল্প দলিল ইস্যুর (Duplicate Policy Issue) নিয়ম গুলো কি ?

উত্তর:বিকল্প দলিল ইস্যু:কোন ভাবে বীমা গ্রহীতার কাছে রক্ষিত বীমা দলিলটি হারিয়ে গেলে বা সম্পুর্ন নষ্ট হয়ে গেলে এক্ষেত্রে বিকল্প দলিল নিম্নোক্ত শর্তপূরন সাপেক্ষে ইস্যু করা হয়:

১. বিকল্প দলিল ইস্যুর জন্য বীমা গ্রহীতার সাক্ষর করা আবেদন পত্র।
২. বীমা দলির হারানো সর্ম্পকিত থানায় করা একটি সাধারন ডায়েরির অনুলিপি।
৩. বীমা অংক অনুযায়ী নির্ধারিত বীমা স্ট্যাম্পের মূল্য।
৪. বিকল্প দলিল ইস্যু বাবদ ৫০ টাকা মূল্যমানের এম আর রশিদ।

১৫) বীমা বৃতের অস্বাভাবিক মৃত্যর ক্ষেত্রে প্রযোজ্য বিধান সমূহ (Rules applicable at the abnormal death incident of the insured) কি কি ?

উত্তর:

আত্মহত্যা:পলিসি শুরুর অথবা পূনর্বহালের তারিখ হতে ১ বছরের মধ্যে যদি বীমাবৃত ব্যাক্তি সুস্থ্য বা বিকৃত মস্তিষ্কে আত্মহত্যা করেন তবে পলিসি বাতিল বলে গন্য হবে। কিন্তু যদি বীমা গ্রহীতার নমিনী বা প্রত্যার্পিত বীমাপত্রের স্বত্ব গ্রহীতা বীমা গ্রহীতার আত্মহত্যার ৩ মাস পূর্বে এমন সম্ভাবনার উদ্বেগ প্রকাশ করে বীমাকারীকে নোটিশ প্রদান করে তবে কোন রুপ কর্তন ছাড়াই সর্ম্পুন বীমা মূল্য অন্যান্য অর্জিত পাওনা সহ প্রদেয় হবে।

খুন: বীমা গ্রহীতা তৃতীয় পক্ষ দ্বারা খুন হলে পলিসির নমিনী পলিসির অধীনে প্রাপ্য সকল সুবিধা লাভ করবেন। কিন্তু যদি নমিনীর ইচ্ছাকৃত কোন কাজের দ্বারা বীমা গ্রহীতা খুন হন তবে পলিসির নমিনী পলিসির অধীনে প্রাপ্য সকল সুবিধা হারাবেন কিন্তু অপর সুবিধাভোগীদের স্বার্থ সংরক্ষিত হবে।

১৬) পলিসিতে প্রয়োজনীয় তথ্যের পরিবর্তনের নিয়মগুলো (Rules of Alteration)কি ?

উত্তর: পলিসিতে পরিবর্তন: পলিসিতে যে কোন ধরনের পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন ইত্যাদির প্রয়োজন হলে নির্ধরিত ফরমে

বীমা গ্রহীতার সাক্ষরিত আবেদন পত্রে সুনির্দিষ্ট পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজনের বিষয়টি উল্ল্যেখ করতে হয়। বীমা গ্রহীতার নাম ও স্বাক্ষর সংশোধন অথবা কোন সংযোজন, বিয়োজনের ক্ষেত্রে আবেদন পত্রের সাথে বীমা গ্রহীতাকে তার কাছে রক্ষিত পলিসির দলিলটি জমা দিতে হয়।

১৭) পলিসির বীপরীতে ঋণ গ্রহনের নিয়ম (Rules of Policy Loan) কি ?

উত্তর:

পলিসি ঋণ:কোন পলিসির সমর্পন মুল্য অর্জিত হলে এবং পলিসি চালু থাকাকালে যে কোন সময়ে বীমা গ্রাহক কোম্পানীর প্রচলিত বিধান সাপেক্ষে পলিসি জামানত রেখে ঋণ গ্রহণ করতে পারবেন।পুর্ববতী কোন ঋণ থাকলে তা এবং বকেয়া সুদ (যদি থাকে)সহ ঋণের সর্বমোট পরিমান নগদ প্রত্যার্পন মূল্যেও ৯০% এর বেশী হবে না।ঋন গ্রহন কালে প্রদেয় সুদের হার কোম্পানী নির্ধারন করবে। কোম্পানী কর্তৃক নির্ধারিত মেয়াদান্তে সুদ পরিশোধ যোগ্য হবে।অপরিশোধিত সুদ ঋণের মূল অংকের সাথে যুক্ত হবে। পলিসির যে কোন দাবী নিস্পত্তি কালে বকেয়া সুদসহ ঋণের সমুদয় অর্থ কর্তন করে নেয়া হয়।যদি কোন সময়ে নির্ণয়কৃত সুদসহ ঋণের পরিমান নগদ সমর্পন মূল্য অপেক্ষা বেশী হয় তাহলে পলিসি বাতিল বলে গন্য হবে।

১৮) পলিসির স্বত্বার্পন ও মনোনয়ন (Rules of Assignment & Nomination)বলতে কি বোঝায় ?

উত্তর: স্বত্বার্পন ও মনোনয়ন: স্বত্বার্পন ও মনোনয়ন অথবা মনোনীত প্রতি প্রাপক বাতিল বা পরিবর্তনের জন্য প্রদত্ত প্রতিটি নোটিশে তারিখ ও উদ্দেশ্য ব্যাক্ত করতে হবে। নোটিশ প্রাপ্তির পর প্রযোজ্য মাশুল ও একটি অনুলিপি সহ তা গ্রহন করা হবে।**প্রতিটি মনোনয়ন ২০১০ সালের বীমা আইনের ৫৬ নং ধারা** অনুযায়ী করা হয়েছে বলে গন্য করা হবে।কোনও স্বত্বার্পন লিপিবদ্ধ করার মাধ্যমে কোম্পানী তার বৈশিষ্ট্য ও বৈধতা বা আইনানুগ কার্যকারিতা সর্ম্পকে দায়িত্ব গ্রহন বা মতামত ব্যক্ত করে না।

১৯) শিশু সুরক্ষ পলিসি তে শিশু স্বাস্থ্য সম্পর্কিত অতিরিক্ত বিবৃতি পূরনের নিয়ম কি ?

উত্তর: শিশু স্বাস্থ্য সম্পর্কিত অতিরিক্ত বিবৃতি: শিশু সুরক্ষ পলিসি তে শিশু স্বাস্থ্য সম্পর্কিত অতিরিক্ত বিবৃতি উল্ল্যেখ করতে হয়।বীমা অংক ৫০০,০০০ টাকা অথবা বীমাবৃত শিশুর বয়স ২ বছর পর্যন্ত হলে এই বিবরনীর একটি অংশ রেজিষ্টার্ড চিকিৎসক কর্তৃক পূরণ করতে হয়। বীমা অংক ৫০০,০০০ টাকা এর কম অথবা বীমাবৃত শিশুর বয়স ২ বছরের বেশী হলে কেবল এই বিবরনীর প্রথম অংশই যথাযথভাবে পূরণ করে মূল বীমা প্রস্তাবপত্রের সাথে জমা দিতে হয়।

২০) পেশাগত প্রশ্নমালা (Occupational Questionnaire) কি ?

উত্তর: পেশাগত প্রশ্নমালা: বীমাপ্রস্তাব কারী ব্যাক্তির ঝুঁকি পূর্ন পেশার ক্ষেত্রে সুনির্দিষ্ট পেশাগত প্রশ্নমালা যথাযথ ভাবে পূরন করে তার সাক্ষর সহ তা জমা দিতে হয় ।এক্ষেত্রে একটি আলাদা ফরমে প্রদত্ত সুনির্দিষ্ট পেশাগত প্রশ্নমালা ব্যবহৃত হয় ।

অবিরাম ভালোস্বাস্থ্যের ঘোষনাDGH(Declaration of Good Health) কখন প্রয়োজন হয়?

উত্তর: অবিরাম ভালোস্বাস্থ্যের ঘোষনা :কোন তামাদি পলিসি তামাদি হওয়ার ৯০ দিনের পর চালু করলে বা বীমা প্রস্তাবপত্রের দাখিলের দিন হতে ১ মাস অতিক্রান্ত হলে তা পরবর্তীতে ঐ প্রস্তাবপত্র বিবেচনায় অবিরাম ভালোস্বাস্থ্যের ঘোষনা প্রদানের প্রয়োজন হয় ।এ ফরমের প্রথম অংশের নির্ধারিত প্রশ্ন গুলো বিশেষ করে মহিলা বীমা গ্রহীতার জন্য প্রযোজ্য প্রশ্ন গুলো যথাযথভাবে পূরণ করতে হবে ।ফরমটি পূরণে একাধিক কালী ব্যবহার করা যাবেনা ।ফরমে অবশ্যই বীমা গ্রহীতার সাক্ষর ও সাক্ষরের তারিখ উল্ল্যেখ থাকতে হবে । অবিরাম ভালোস্বাস্থ্যের ঘোষনা ফরমটিতে প্রদত্ত সাক্ষরের তারিখ হতে ৩০ দিন পর্যন্ত এর গ্রহন যোগ্যতা থাকে ।

২১) ডাক্তারী পরিক্ষার সংক্ষিপ্ত রিপোট SMR (Short Medical Report)কি ?

উত্তর: ডাক্তারী পরিক্ষার সংক্ষিপ্ত রিপোর্ট: এটি অবিরাম ভালোস্বাস্থ্যের ঘোষনা ফরম এর ২য় অংশ যা কোন রেজিষ্টার্ড চিকিৎসক দ্বারা পূরণ করাতে হয় । এই অংশটি পূরনে চিকিৎসক যে কলম ব্যবহার করবেন বীমা গ্রহীতাকেও একই কলম ব্যবহার করে ফরমের উভয় অংশে সাক্ষর করতে হবে । প্রদত্ত সাক্ষরের তারিখ হতে ৩০ দিন পর্যন্ত এর গ্রহন যোগ্যতা থাকে । প্রস্তাব পত্রের তথ্যের উপর নির্ভর করে অবিরাম ভালোস্বাস্থ্যের ঘোষনা ফরম এর ২য় অংশ পূরনের প্রয়োজনীয়তা আছে ।

২২) ব্যাক্তিগত বিবরনী ও ডাক্তারী পরীক্ষার রিপোট FMR(Full Medical Report) কখন প্রয়োজন হয় এবং এটি কিভাবে পূরন করতে হয় ?

উত্তর: ব্যাক্তিগত বিবরনী ও ডাক্তারী পরীক্ষার রিপোর্ট মেডিক্যাল স্কীমের আওতাধীন প্রস্তাবপত্র বিবেচনায় ব্যবহৃত হয় ।এই ফরমের ২টি অংশ রয়েছে । প্রথম অংশটি ব্যক্তিগত বিবরণী যা বীমা প্রস্তাবকারীর বক্তব্য অনুযায়ী পরীক্ষাকারী চিকিৎসক নিজ হাতে পূরণ করবেন । দ্বিতীয় অংশটি (ডাক্তারের গোপনীয় রিপোর্ট) চিকিৎসক বীমা প্রস্তাবকারীকে পরীক্ষা করে নিজ হাতে পূরণ করবেন । ফরমে বীমা প্রস্তাব কারীর পারিবারিক ইতহাস সম্পর্কিত তথ্য এর পুর্বে প্রদত্ত বীমা প্রস্তাব পত্রের প্রদত্ত তথ্যের সাথে সামঞ্জস্যপূর্ন হতে হবে ।ফরমটি পূরনে চিকিৎসক যে কলম ব্যবহার করবেন বীমা গ্রহীতাকেও একই কলম ব্যবহার করে ফরমের নিদিষ্ট স্থানে সাক্ষর করতে হবে । প্রদত্ত সাক্ষরের তারিখ হতে ৩ মাস পর্যন্ত এর গ্রহন যোগ্যতা থাকে । তবে ৩০ দিন অতিবাহিত হলে "অবিরাম ভালোস্বাস্থ্যের ঘোষনা" এর প্রয়োজন হবে ।

২৩) ডাক্তরী পরীক্ষা বিহীন প্রদত্ত অতিরিক্ত বিবৃতি কি ?

উত্তর: ডাক্তরী পরীক্ষা বিহীন প্রদত্ত অতিরিক্ত বিবৃতি: এটি বীমা প্রস্তাবপত্রের একটি অংশ ।এই অংশে প্রদত্ত প্রশ্নাবলীর উত্তর যথাযথ ভাবে পূরণ করতে হবে । প্রশ্নের উত্তরের সপক্ষে প্রয়োজনে পূর্বোক্ত কোন ডাক্তারী পরীক্ষার রিপোর্ট ও অন্যান্য দলিলপত্র প্রদানের প্রয়োজন হতে পারে ।

২৪) সাধারন ভাবে কি কি ডাক্তারী পরীক্ষার রিপোট ব্যবহৃত হয় ?

উত্তর: সাধারন ভাবে যে ডাক্তারী পরীক্ষার রিপোট সমূহ ব্যবহৃত হয়:

FMR = Full Medical Report.

SMR = Short Medical Report.

DGH = Declaration of Good Health.

PUR = Pathological Urin Report.

CBC = Complete Blood Count.

GTT = Glucose Tolerance Test

FBS = Fasting Blood Sugar.

ESR = Erythrocytic Sedimentation Rate.

ECG = Electrocardiogram.

X-Ray = X-Ray Report (Chest).

২৫) একসাথে বকেয়া সকল প্রিমিয়াম প্রদান করে তামাদি পলিসি চালু করতে সমর্থ না হলে বীমা গ্রহীতার করনীয় কি?

উত্তর: বীমা গ্রহীতা বিশেষ পুনর্বহালে মাধ্যমে তাঁর তামাদি পলিসিটি চালু করতে পারেন।

২৬) পলিসি চালু রাখতে অসমর্থ হলে এটি সমর্পণ করার নিয়ম কি ?

উত্তর: পলিসি সমর্পণ করতে হলে অবলিখন ও পলিসি সার্ভির্সি বিভাগ হতে পলিসি সমর্পণের ফরম সংগ্রহ করে তা সম্পূর্নভাবে পূরণ করে বীমা গ্রাহকের লিখিত আবেদন পত্র ও তাঁর কাছে রক্ষিত বীমা দলিল সহকারে তা অবলিখন ও পলিসি সার্ভির্সি বিভাগে জমা দিতে হবে। সকল দলিলপত্র গ্রহনের পর ৫ দিনের মধ্যে সমর্পণ মূল্য সম্পর্কে অবলিখন ও পলিসি সার্ভির্সি বিভাগ হতে গ্রাহককে অবহিত করা হবে।

২৭) অপ্রাপ্ত বয়স্ক হলে বীমা গ্রহন করা যায় কি না ?

উত্তর: বীমা প্রস্তাবকারী অপ্রাপ্ত বয়স্ক (১৬ - ১৭ বছর বয়সী) হলে বীমা গ্রহনের জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে গ্রাহক নির্বাচনে সাধারন অবলিখন নীতিমালার সাথে ”মাইনরিটি ক্লজ” উপধারাটি প্রযোজ্য হবে,এবং অপ্রাপ্ত বয়স্ক বীমা প্রস্তাবকারীর বীমার প্রিমিয়াম প্রদানে অভিভাবকের স্বাক্ষরিত ঘোষনা পত্র প্রদান করতে হবে।

২৮)”মাইনরিটি ক্লজ (Minoriy Clause)” উপধারা বলতে কি বোঝায় ?

উত্তর: পলিসির তফসিলে যদি নির্দিষ্টভাবে অন্যকিছু বলা না থাকে, তবে পলিসি চলমান অবস্থায় প্রথম বছরের মধ্যে যদি অপ্রাপ্ত বয়স্ক বীমা গ্রহীতা ১৮ বছর বয়সের পূর্বে মারা যান তাহলে বীমাকারীর দায় কেবল, বাৎসরিক ২% হারে লাভসহকারে অর্জিত মোট প্রিমিয়াম হতে প্রথম বছরের প্রাপ্ত মোট প্রিমিয়াম বাদে অবশিষ্ট অর্থ প্রদানের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

২৯)কোন্ কোন্ পলিসি গৃহিনী বীমা প্রস্তাব কারীদের জন্য প্রযোজ্য নয় ?

উত্তর: শিশু সুরক্ষা পলিসি ও পেনশন পলিসিমহিলা বীমা গ্রহীতা যাদের কোন আয় নেই তাঁদের জন্য প্রযোজ্য নয়।

৩০) গর্ভকালীন সময়ে মহিলা বীমা প্রস্তাবক গন বীমা গ্রহনের জন্য আবেদন করতে পারবেন কি ?

উত্তর: গর্ভকালীন সময়ে মহিলা বীমা প্রস্তাবকের ক্ষেত্রে নিম্নোক্ত বিধান প্রযোজ্য:

১। গর্ভকালীন সময়ে জীবনবীমার জন্য প্রস্তাবপত্র বিবেচনা করা হয়না।

২। সন্তান স্বাভাবিক প্রসবের ক্ষেত্রে সন্তান প্রসবের দিন থেকে পরবর্তী নব্বই দিনের মধ্যে প্রস্তাবপত্র বিবেচনা করা হয়না।

৩। অস্বাভাবিক প্রসব বা সিজারিয়ান অপারেশনের মাধ্যমে সন্তান প্রসব হলে পরবর্তী ছয় মাসের মধ্যে প্রস্তাবপত্র বিবেচনা করা

হয়না ।ছয় মাস অতিক্রম হওয়ার পর শারিরীক সুস্থ্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে প্রস্তাবপত্র বিবেচনার যোগ্য হবে।

৩১) "প্রথম গর্ভধারণ জনিত উপধারা (First Pregnancy Clause)" বলতে কি বোঝায় ?

উত্তর: বিবাহিতা এবং সন্তান হয়নি এমন সকল মহিলা জীবনের ক্ষেত্রে "প্রথম গর্ভধারণ জনিত উপধারা" প্রয়োগ করে বীমা প্রস্তাবপত্র বিবেচনা করা হয়। অথ্যাৎ পলিসির ঝূঁকি গ্রহনের তারিখ হতে পলিসির মেয়াদকালের মধ্যে বিবাহিতা এবং সন্তান হয়নি এমন সকল মহিলা বীমা গ্রহীতার মৃত্যু হলে তা যদি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তার প্রথম গর্ভধারণ জনিত কারনে হয়ে থাকে তবে বীমাকারীর দায় কেবল এযাবত কাল ব্যাপী অর্জিত মোট প্রিমিয়াম হতে সকল সুদ, অতিরিক্ত প্রিমিয়াম বাবদ প্রাপ্ত অর্থ এবং প্রথম বছরের প্রাপ্ত সকল প্রিমিয়াম বাদে অবশিষ্ট অর্থ প্রদানের মধ্যেই সীমিত থাকবে।

৩২)"হোমিসাইড ক্লজ (Homicide Clause)" বলতে কি বোঝায় ?

উত্তর: জনপ্রতিনিধিদের (রাজনীতিবিদ)বীমা পলিসি গ্রহনের ক্ষেত্রে "হোমিসাইড ক্লজ" প্রয়োগ করে বীমা প্রস্তাবপত্র বিবেচনা করা হয়।

অর্থ্যাৎ পলিসির ঝুঁকি গ্রহনের তারিখ হতে ৫ বছরের মধ্যে বীমা গ্রহীতা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিহত হলে তবে বীমাকারীর দায় কেবল অর্জিত মোট প্রিমিয়াম হতে সকল সুদ, অতিরিক্ত প্রিমিয়াম বাবদ প্রাপ্ত অর্থ (যদি থেকে থাকে) এবং প্রথম বছরের প্রাপ্ত সকল প্রিমিয়াম বাদে অবশিষ্ট অর্থ প্রদানের মধ্যেই সীমিত থাকবে।

৩৩) গার্ডিয়ান লাইফ কোম্পানীর একজন ষ্টাফ হিসেবে আমি কি একটি পলিসি নিতে পারি?

উত্তর: গার্ডিয়ান লাইফ কোম্পানীর একজন ষ্টাফ হিসেবে যে কেউ যেকোন পলিসির জন্য নির্ধারিত শর্তাদি পূরন সাপেক্ষে পলিসি গ্রহন করতে পারে।

৩৪) গার্ডিয়ান লাইফ কোম্পানীর ষ্টাফদের জন্য পলিসি গ্রহনের বীপরীতে কোন বিশেষ সুবিধা আছে কি?

উত্তর: গার্ডিয়ান লাইফ কোম্পানীর ষ্টাফদের জন্য পলিসি গ্রহনের বীপরীতে, প্রদেয় প্রিমিয়ামের উপর ৭.৫% হারে বাট্টা প্রদান করা হয়।

৩৫) আমি কি প্রিমিয়াম প্রদানের জন্য পলিসির বীপরীতে কোন ঋণ গ্রহন করতে পারি?

উত্তর: অবিরাম ২ বছর প্রিমিয়াম প্রদানের পর যে কেউ যেকোন উদ্দেশ্যে পলিসির বীপরীতে প্রদানকৃত প্রিমিয়ামের পরিমানের উপর নির্ভর করে নির্দিষ্ট পরিমান ঋণ গ্রহন করতে পারে। গ্রহনকৃত ঋণ বকেয়া প্রিমিয়াম পরিশোধের উদ্দেশ্যেও ব্যবহার করা যায়।

৩৬) বীমা পলিসি গ্রহন করতে হলে কিকি দলিলপত্রাদি দাখিল করতে হয়?

উত্তর: সাধারনত প্রস্তাবপত্রের মধ্যে উল্ল্যেখিত বীমা অংক,ঝুঁকিঅংক, বীমাপ্রস্তাবকারীর বয়স,পেশা বিবেচনা করে নির্দিষ্ট কিছু দলিলপত্রাদি ও ডাক্তারী রিপোর্ট দাখিল করতে হয়। তবে সাধারন ভাবে সকল বীমা পরিকল্পের জন্যই প্রযোজ্য এমন দলিলপত্রাদি গুলো হলো:

(ক) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন/এস.এস.সি বা সমমানের পরিক্ষা পাশের সনদ পত্রের অনুলিপি।
(খ) চাকরীজীবী/পেশাজীবীর ক্ষেত্রে আয়ের উৎসের প্রমানপত্র, ব্যবসায়ীদের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স এর অনুলিপি।

(গ) শিশু নিরাপত্তাবীমার ক্ষেত্রে এস.এস.সি বা সমমানের পরিক্ষা পাশের সনদ পত্রের অনুলিপি,এবং বীমাবৃত শিশুর বয়স প্রমাণ হিসাবে টিকাকার্ডের ফটোকপি/জন্ম তারিখের প্রমাণপত্র/স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত জন্মতারিখের প্রমানপত্র।
(ঘ) গার্ডিয়ান সঞ্চয় (এম.এস.পি) পলিসির জন্য অবশ্যই বীমাপ্রস্তাবকারীর এস.এস.সি বা সমমানের পরিক্ষা পাশের সনদ পত্রের অনুলিপি।
(ঙ) সকল পলিসির ক্ষেত্রে প্রস্তাবপত্রে বর্ণিত স্বাস্থ্য সম্পর্কিত প্রশ্নাবলীর উত্তর প্রদান করতে হয়।
(চ) নমিনির জাতীয় পরিচয়পত্র এর অনুলিপি।
(ছ) নিজ ও নমিনির ১ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি।
(জ) অপ্রাপ্ত বয়স্ক বীমাগ্রহীতার ক্ষেত্রে অভিভাবক কর্তৃক প্রদত্ত প্রিমিয়াম প্রদানের ঘোষনাপত্র।

৩৭) বীমা অংক ৫,০০,০০০/- পর্যন্ত এবং প্রস্তাবকারীর বয়স ৫০ এর নিচে হলে কিকি দলিলপত্রাদি দাখিলের প্রয়োজন হয়?

উত্তর: বীমা অংক ৫,০০,০০০/- পর্যন্ত এবং প্রস্তাবকারীর বয়স ৫০ এর নিচে হলে কোন ডাক্তারী পরিক্ষার রিপোর্ট দাখিলের প্রয়োজন নেই।

৩৮) বীমা অংক ১০,০০,০০০/- পর্যন্ত এবং প্রস্তাবকারীর বয়স ৫০ পর্যন্ত হলে কিকি দলিলপত্রাদি দাখিলের প্রয়োজন হয়?

উত্তর: বীমা অংক ১০,০০,০০০/- পর্যন্ত এবং প্রস্তাবকারীর বয়স ৫০ পর্যন্ত হলে কমপক্ষে এস.এস.সি পাশের সনদ দাখিল করলে অন্য কোন ডাক্তারী পরিক্ষার রিপোর্ট দাখিলের প্রয়োজন নেই।

৩৯) বীমা অংক ১০,০০,০০০/- এর বেশী অথবা প্রস্তাবকারীর বয়স ৫০ এর বেশী কিকি দলিলপত্রাদি দাখিলের প্রয়োজন হয়?

উত্তর: বীমা অংক ১০,০০,০০০/- এর বেশী অথবা প্রস্তাবকারীর বয়স ৫০ এর বেশী হলে সুনির্দিষ্ট অবলিখন আবশ্যকতাদী দাখিলের প্রয়োজন রয়েছে। এর মধ্যে প্রয়োজনীয় ডাক্তারী রিপোর্ট সহ অন্যান্য দলিল প্রমান দাখিল করতে হয়, যেমন:

১.চাকুরির সনদ পত্র/ট্রেড লাইসেন্স।
২.আয়কর সনাক্ত করণ নম্বর।
৩. ব্যাংক হিসাবের বিগত ২ বছরের লেনদেনের তথ্য।
৪.ব্যবসায়ের ক্ষেত্রে বিগত ২ বছরের অডিট রিপোর্ট।
৫.চাকুরির ক্ষেত্রে বেতন হিসাবের বিবরনী।
৬.সংশ্লিষ্ট কোন ঘোষনা বা পেশা সংক্রান্ত কোন দলিল পত্রাদি।
৭.পেশা সংক্রান্ত প্রশ্নমালা।

এছাড়া ঝুঁকির যথাযথ মুল্যায়নের জন্য প্রয়োজনে যে কোন গ্রাহকের ক্ষেত্রে যে কোন বিশেষ পরিক্ষা রিপোর্ট অথবা অন্য যে কোন ধরনের চাহিদা তলবের অধিকার অবলিখন কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

৪০) পূন:বীমার প্রয়োজন হয় কখন ?

উত্তর: বীমা অংক ৩০,০০,০০০/- (ত্রিশ লাখ)এর উপর হলে পূন:বীমার প্রয়োজন হয়। সেক্ষেত্রে পূন:বীমাকারীর চাহিদা মোতাবেক অন্যান্য অবলিখন আবশ্যকতাদী দাখিল করতে হয়। এসকল অবলিখন আবশ্যকতাদী বিবেচনা করে পূন:বীমাকারীর দ্বারা নির্ধারিত শর্ত অনুযায়ী প্রস্তাবকারীর পলিসি গ্রহন, বিলম্বিত বা বাতিল করা হয়।

৪১) বাবা ,মা, ছেলে,মেয়ে যদি পলিসি নিতে চায় তবে এক্ষেত্রে নমিনি কে হবেন?

উত্তর:

ক) বাবা অথবা মা যদি কোন মূল বীমার সাথে Health Insurance এ Family Coverage গ্রহন করেন তবে সেই পলিসিতে স্বামী-স্ত্রী একে অন্যকে এবং সেই সাথে ছেলে,মেয়েকেও অন্তর্ভুক্ত করতে পারেন। এক্ষেত্রে বাবা/মা বীমাগ্রহীতা হলে তার স্ত্রী/স্বামী অথবা সন্তানদের নমিনি করতে পারেন। ছেলে বা মেয়ে অপ্রাপ্ত বয়স্ক হলে পরিবারের কোন প্রাপ্ত বয়স্ককে তাদের অভিভাবক হিসেবে নিযুক্ত করতে হয়।

খ) বাবা অথবা মা কোন একজন যদি পলিসি গ্রহন করে কিন্তু Health Insurance এ Family Coverage তার পলিসিতে না থাকে তবুও উপরোক্ত নিয়ম অনুযায়ী নমিনি নির্ধারন করা যায়। যদি ছেলে বা মেয়ে পলিসি গ্রহন করে তবে তিনি তার পলিসিতে বাবা/মা অথবা বাবা এবং মা অথবা ভাই/বোন অথবা ভাই এবং বোন উভয়কেই নমিনি নির্ধারন করতে পারবেন।ভাই, বোন নমিনি হলে যদি অপ্রাপ্ত বয়স্ক হয় তবে পরিবারের কোন প্রাপ্ত বয়স্ককে তাদের অভিভাবক হিসেবে নিযুক্ত করতে হয়।

গ) বাবা/মা অপ্রাপ্ত বয়স্ক ছেলে মেয়ের বীমার প্রিমিয়াম প্রদান করতে পারবেন।

ঘ) ছেলে/মেয়ে বাবা অথবা মায়ের বীমার প্রিমিয়াম প্রদান করতে পারবেন না।

৪২) অবলিখক কে? তাঁর কাজ কি?

উত্তর: একজন অবলিখক প্রস্তাবপত্রের ঝুঁকি বিশ্লেষন কারী। অবলিখকের কাজ হচ্ছে প্রাপ্ত প্রস্তাবপত্রে উল্লেখিত তথ্যাদি যাচাই পূর্বক এর সংশ্লিষ্ট ঝুঁকি নিরুপন ও সে অনুযায় প্রয়োজনীয় প্রতিরক্ষামূলক ব্যবস্থা আছে কিনা নিশ্চিত হয়ে একটি সামঞ্জস্যপূর্ন প্রিমিয়ামের হার নির্ধারন করে পলিসি গ্রহন, বর্জন বা বিলম্বিত করন সম্পর্কে সিদ্ধান্ত নেয়া।